গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৬৪.৭০.০৩০.১৬-২২৭

তারিখঃ ২৬ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ।
০৯ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**বিষয় : জাপানিজ ভাষা শিক্ষা প্রশিক্ষণ (N-5) আনসার/ভিডিপি (মহিলা) চালুকরণ প্রসঙ্গে।**
সূত্র : মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ অর্থ বছরে প্রকল্প-প্রশিক্ষণ শাখার আওতাধীন জাপানিজ ভাষা শিক্ষা প্রশিক্ষণ (N-5) আনসার/ভিডিপি (মহিলা) নিম্নোক্ত "ছক" এ বর্ণিত অত্র বাহিনীর বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হবে। সে প্রেক্ষিতে উল্লিখিত তারিখ অনুযায়ী প্রশিক্ষণ পরিচালনার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | প্রশিক্ষণের নাম | কেন্দ্র | প্রশিক্ষণার্থীর সংখ্যা | ধাপ ও তারিখ | মেয়াদ |
|---|---|---|---|---|---|
| ১. | জাপানিজ ভাষা শিক্ষা প্রশিক্ষণ (N-5) (মহিলা) | ১। বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | ৪০ জন | **১ম ধাপ:** ০৫-০৭-২০২৬ হতে ০২-১০-২০২৬ পর্যন্ত | ৯০ দিন |
| | | ২। ভিটিসি কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা। | ৪০ জন | | |
| | | ৩। জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ফরিদপুর। | ৪০ জন | | |
| | | ৪। জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রংপুর। | ৪০ জন | | |
| | | ৫। জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঠাকুরগাঁও। | ৪০ জন | | |
| | | ৬। জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কুষ্টিয়া। | ৪০ জন | | |
| | | ৭। জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ময়মনসিংহ। | ৪০ জন | | |
| | | ৮। জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, চট্টগ্রাম। | ৪০ জন | | |
| | | ৯। জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ফেনী। | ৪০ জন | | |
| | | ১০। জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, হবিগঞ্জ। | ৪০ জন | | |
| | | ১১। জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, নওগাঁ। | ৪০ জন | | |
| | | ১২। জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, চাঁদপুর। | ৪০ জন | | |
| | | ১৩। জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কক্সবাজার। | ৪০ জন | | |

২। উল্লেখ্য যে, জেলা কমান্ড্যান্ট কর্তৃক কমিটি গঠন ও ব্যক্তিগত সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে নির্ধারিত যোগ্যতা অনুযায়ী প্রশিক্ষণার্থী বাছাই করে AVMIS App এর মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন করে Excel Sheet এ প্রশিক্ষণার্থীদের তথ্যাদি পুরণ পূর্বক আগামী ২৫/০৬/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্প-প্রশিক্ষণ শাখায় প্রেরণ করতে হবে। রেজিস্ট্রেশনকৃতদের মধ্য হতে বাছাইকৃতদের চূড়ান্ত তালিকা সদর দপ্তর কর্তৃক নির্ধারিত হবে। চূড়ান্তভাবে বাছাইকৃত প্রশিক্ষণার্থীদের নামীয় তালিকা সংশ্লিষ্ট কেন্দ্রে ও জেলায় প্রেরণ করা হবে। প্রশিক্ষণ শুরুর ০৩ কার্যদিবসের মধ্যে প্রারম্ভিক প্রতিবেদন এবং প্রশিক্ষণ সমাপ্তির ০৩ কার্যদিবসের মধ্যে সমাপনী প্রতিবেদন প্রকল্প-প্রশিক্ষণ শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।

৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

**সংযুক্তঃ** প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে পালনীয় শর্তাবলি ক্রোড়পত্র 'ক' ০১ (এক) পাতা।

০৯/০৬/২০২৬

**মোঃ মইনুল ইসলাম,** বিএএম, পিএএম
বিএডি নং-১২০১৩০
পরিচালক (প্রকল্প-প্রশিক্ষণ)
মোবাইল নং-০১৩৩৫৩০০৭০০
ইমেইলঃ projecttraining28@gmail.com

১। কমান্ড্যান্ট
বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।

২। অধিনায়ক, ভিটিসি কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা।

৩। জেলা কমান্ড্যান্ট (সংশ্লিষ্ট)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
.....................।

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৬৪.৭০.০৩০.১৬-

তারিখঃ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ।
জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**অনুলিপিঃ**

১। অতিরিক্ত মহাপরিচালক - সদয় অবগতির জন্য।
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
২। উপমহাপরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/অপারেশন) - ঐ
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
৩। উপমহাপরিচালক/পরিচালক (রেঞ্জে'র দায়িত্বপ্রাপ্ত) (সংশ্লিষ্ট) - ঐ
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
..................রেঞ্জ.............................।
৪। পরিচালক (প্রশাসন-কিউ)/মিডিয়া সেল/অর্থ/মনিটরিং - অবগতি ও কার্যক্রমের জন্য।
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
৫। উপপরিচালক (সমন্বয়) - মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
৬। উপপরিচালক (প্রভিশন/ভান্ডার) - অবগতি ও কার্যক্রমের জন্য।
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
৭। অফিস/মাস্টার কপি। - সংরক্ষণের জন্য।

পরিচালক (প্রকল্প-প্রশিক্ষণ)

CS CamScanner

ক্রোড়পত্র 'ক'

## প্রশিক্ষণার্থীর বাছাইয়ের ক্ষেত্রে পালনীয় শর্তাবলিঃ

১। অবশ্যই আনসার/ভিডিপি মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে তবে ২০২৫-২০২৬ অর্থ বছরে অ্যাডভান্স ভিডিপি প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্যে আগ্রহীদের অগ্রাধিকার দিতে হবে।

২। শিক্ষাগত যোগ্যতা : ন্যূনতম এসএসসি পাস (অনার্স ও মাস্টার্স অগ্রাধিকার)।

৩। বয়সসীমা : প্রার্থীদের বয়স ১৮-২৭ বছর।

৪। শারীরিক যোগ্যতা :

- **শারীরিক সক্ষমতা:** বয়স্ক রোগীদের চলাফেরায় সহায়তা (উঠানো/স্থানান্তর) করার মতো শারীরিকভাবে সক্ষম হতে হবে।
- **উচ্চতা:** জাপানি নার্সিং সরঞ্জাম সঠিকভাবে পরিচালনার জন্য আদর্শভাবে ন্যূনতম ৫ ফুট (১৫২ সেমি) বা তার বেশি।
- ওজন: উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে (স্থুলতা গ্রহনযোগ্য নয়)।
- শরীরে ট্যাটু, বড় অস্ত্রোপচারের দাগ, পোড়া দাগ বা ঝলসানো ক্ষত থাকলে অযোগ্য ধরা হবে।

৫। স্বাস্থ্যগত শর্ত :

- কোমর ব্যথা বা দীর্ঘমেয়াদি জয়েন্ট/হাড়ের সমস্যার ইতিহাস থাকা যাবে না।
- নাকে পলিপস থাকা চলবে না।
- কানে কম শোনা বা কান পাকা (রক্ত/পুঁজ পড়া) চলবে না।
- শরীরে কোনো চর্মরোগ (যেমন দাউদ, একজিমা, চুলকানি, শ্বেত রোগ, কুষ্ঠ রোগ ইত্যাদি) থাকা চলবে না।
- দুরারোগ্য বা মরণব্যাধি যেমন : এইডস, হেপাটাইটিস বি/সি, যক্ষা, উচ্চ রক্তচাপ, ডায়াবেটিস্, কিডনি রোগ ইত্যাদি থাকা চলবে না।
- শারিরীকভাবে অক্ষম হওয়া চলবে না এবং কোনো ছোঁয়াচে রোগ থাকা চলবে না।

৬। চোখ ও দৃষ্টিশক্তি :

- কালার ব্লাইন্ডনেস (Color Blindness) থাকা চলবে না।
- দৃষ্টিশক্তি স্বাভাবিক হতে হবে।

৭। মানসিক ও কর্মদক্ষতা :

- কঠোর পরিশ্রমের কাজ করার মানসিক ও শারীরিক সক্ষমতা থাকতে হবে।
- অন্তত একটানা তিন বছর জাপানে কাজ করার মানসিক প্রস্তুতি থাকতে হবে।

৮। ব্যক্তিত্ব ও সফট স্কিল :

- **সহমর্মিতা:** ধৈর্যশীল হতে হবে এবং সেবামূলক ও যত্নশীল মানসিকতা থাকতে হবে।
- **শৃঙ্খলাবোধ:** ব্যক্তিগত পরিচ্ছন্নতা, সময়ানুবর্তিতা এবং ভদ্র আচরণের উচ্চমান বজায় রাখতে হবে।

৯। ভাষাগত দক্ষতা : মৌলিক ইংরেজি ভাষাজ্ঞান ও অংকের হিসাবজ্ঞান থাকতে হবে।

১০। অন্যান্য :

- প্রয়োজনীয় কাগজপত্রাদি সঙ্গে আনতে হবে। শিক্ষাগত যোগ্যতার মূল কপি দেখাতে হবে।
- পাসপোর্ট সাইজের সদ্যতোলা (রঙ্গীন) ০৪ কপি ছবি সঙ্গে আনতে হবে।

০১/০৬/২০২৬

মোঃ মইনুল ইসলাম, বিএএম, পিএএম
বিএডি-১২০১৩০
পরিচালক (প্রকল্প-প্রশিক্ষণ)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও ঢাকা।

CamScanner